

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
ইরেসপো কর্মসূচি  
পল্লী ভবন, ৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.১৩১.১৩- ৫৪৬

তারিখ: ১৫/১২/২০২২খ্রিঃ

বিষয়: ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সফটওয়্যারের তথ্য পর্যালোচনায় দেখা যায়, আপনার উপজেলার ঋণ কার্যক্রমের তথ্য বিগত ০৪(চার) দিন যাবৎ এন্ট্রি করা হয় নি। কিন্তু বৈদ্যুতিক বিপর্যয় বা সফটওয়্যার পরিচালনা সংক্রান্ত কোন ত্রুটি ব্যতীত যে কোন পরিস্থিতিতে আবশ্যিকভাবে সফটওয়্যারে দৈনিক তথ্য এন্ট্রি বা ডে এন্ট্রি করার বিষয়ে সদর দপ্তর হতে কঠোর নির্দেশনা থাকা সত্ত্বেও আপনার উপজেলায় বিগত ০৪(চার) দিন যাবৎ সফটওয়্যারের কোন তথ্য এন্ট্রি করা হচ্ছে না; যা কর্তৃপক্ষের আদেশ অবমাননার শামিল। এ বিষয়ে আপনাকে টেলিফোনিকভাবে জিজ্ঞাসা করা হলে আপনি উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ চলার জন্য তথ্য এন্ট্রি দেয়া সম্ভব হয়নি মর্মে জানান; যা কর্তৃপক্ষ কর্তৃক যৌক্তিক হিসেবে বিবেচিত হয়নি।

এমতাবস্থায়, কর্তৃপক্ষের আদেশ অবমাননা ও সফটওয়্যার হালনাগাদ না করার অযৌক্তিক কারনের জন্য কেন আপনার বিরুদ্ধে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক ব্যাখ্যা অত্র পত্র জারির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশক্রমে বলা হলো।

মোঃ সাদেকুর রহমান  
উপ প্রকল্প পরিচালক

জনাব আসাদুল শেখ  
এআরডিও  
ইরেসপো, বিআরডিবি,  
শ্রীপুর, মাগুড়া

**অনুলিপি কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :**

১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ-----জেলাঃ-----।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ -----।

**সদয় জ্ঞাতার্থেঃ**

১. কর্মসূচি পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৩. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৪. অফিস নথি।